





সংখ্যা ও স্থানীয় মান



আলোচ্য বিষয়

▶ সংখ্যা পড়ি ও কথায় লিখি (২১-১০০) ▶ গণনা ▶ সংখ্যার তুলনা ▶ স্থানীয় মান ▶ সংখ্যার তুলনা (স্থানীয় মানের সাহায্যে) ▶ জোড়-বিজোড় সংখ্যা ও সংখ্যা প্যাটার্ন ▶ ক্রমবাচক সংখ্যা।



শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

শিখন অভিজ্ঞতার মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব—

- সংখ্যা গণনা করতে, পড়তে, অঙ্কে লিখতে ও তুলনা করতে পারব এবং উৎসাহের সাথে পরিবেশের বিভিন্ন উপাদান সংখ্যায় প্রকাশ করতে পারব।
- স্থানীয় মানের ধারণা লাভ করে বিভিন্ন গাণিতিক সমস্যা সমাধানে তা প্রয়োগ করতে পারব।
- ক্রমবাচক সংখ্যা পড়তে, লিখতে ও উৎসাহের সাথে দৈনন্দিন জীবনে ব্যবহার করতে পারব।
- শিশুর নিকট পরিবেশের বিভিন্ন উপাদান ও সংখ্যার মধ্যে উৎসাহের সাথে প্যাটার্ন খুঁজে বের করা এবং সংখ্যার প্যাটার্ন তৈরি করে যৌক্তিক ব্যাখ্যা প্রদানের মাধ্যমে যৌক্তিক চিন্তা করতে পারব।

অধ্যায়ের শিখনফল

- ১০০০ পর্যন্ত বস্তু গুচ্ছাকারে সাজিয়ে গণনা করতে পারব।
- ১০০০ পর্যন্ত সংখ্যা পড়তে পারব।
- একশ পর্যন্ত সংখ্যা কথায় লিখতে পারব।

যোগ্যতাভিত্তিক মূল্যায়ন ক্ষেত্র

- জ্ঞান
 - অঙ্কে লেখা সংখ্যা পড়ে সংখ্যাটি কথায় লিখার ধারণা
 - শত, দশ ও এককের দল গণনা ও সংখ্যা বলার ধারণা
 - দুইটি সংখ্যা তুলনা করে বড়ো-ছোটো বলার ধারণা
 - উপকরণের পরিমাণ সহস্র/শতক/দশক সংখ্যায় বলার ধারণা
 - জোড় ও বিজোড় বলার ধারণা
 - বস্তুর অবস্থানকে ক্রমবাচক সংখ্যায় বলতে পারার ধারণা
- দক্ষতা
 - ২১ থেকে ১০০ পর্যন্ত সংখ্যা কথায় লিখতে পারা
 - গুচ্ছাকারে সাজিয়ে বস্তু গণনা ও পরিমাণ নির্ণয়
 - শত, দশ ও এক এর অঙ্ক তুলনা করে ২/৩ অঙ্কের দুইটি সংখ্যার তুলনা ও ছোটো-বড়ো সংখ্যা নির্ণয়
 - জোড় ও বিজোড় সংক্রান্ত সমস্যার সমাধান নির্ণয়
 - ক্রমবাচক সংখ্যায় বলা বা মিলানো ও সমস্যা সমাধান নির্ণয়
- দৃষ্টিভঙ্গি
 - উৎসাহের সঙ্গে শ্রেণি কার্যক্রমে অংশগ্রহণ
 - দলগত কাজে সক্রিয় অংশগ্রহণ
 - অন্যের মতামত ধৈর্য্য সহকারে শুন্য
- মূল্যবোধ
 - বস্তুনিষ্ঠতা ও সহযোগিতা মনোভাব পোষণ।



ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক
সহায়িকার সূত্র সংবলিত



প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, এ অধ্যায়ে তোমাদের শিখনযোগ্যতা কতটা অর্জিত হয়েছে তা যাচাইয়ের জন্য পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও নমুনা প্রশ্নোত্তর এখানে দেওয়া হলো। শিক্ষক সহায়িকায় উল্লিখিত মূল্যায়ন ক্ষেত্র ও নির্দেশনার আলোকে তৈরিকৃত নিচের পাঠগুলো ভালোভাবে অনুশীলন করো। পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার তথ্যসূত্র সংবলিত পাঠগুলো তোমাদের ধারাবাহিক/ শিখনকালীন মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি



বুঝে পড়ি ও ভালোভাবে শিখে নিই

পাঠ

১ সংখ্যা পড়ি ও কথায় লিখি (২১ থেকে ২৪)

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১; পাঠ্যবই, পৃষ্ঠা ১









ব্লকগুলো গণনা করে সংখ্যাটি পড়ি ও কথায় লিখি

▶ পাঠ্যবই, পৃষ্ঠা ১ এর মূল প্রশ্নের সমাধান

সমাধান :

গণনা করি	পড়ি (অঙ্কে)	পড়ি (কথায়)	কথায় লিখি
	২১	একুশ	একুশ
	২২	বাইশ	বাইশ
	২৩	তেইশ	তেইশ
	২৪	চব্বিশ	চব্বিশ

পাঠ ২ সংখ্যা পড়ি ও কথায় লিখি (২৫ থেকে ৩০) শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৩; পাঠ্যবই, পৃষ্ঠা ২

গণনা করি	পড়ি (অঙ্কে)	পড়ি (কথায়)	কথায় লিখি
	২৫	পঁচিশ	পঁচিশ
	২৬	ছাব্বিশ	ছাব্বিশ
	২৭	সাতাশ	সাতাশ
	২৮	আটাশ	আটাশ
	২৯	উনত্রিশ	উনত্রিশ
	৩০	ত্রিশ	ত্রিশ

পাঠ ৩ সংখ্যা পড়ি ও কথায় লিখি (৩১ থেকে ৩৬)

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৪; পাঠ্যবই, পৃষ্ঠা ৩

গণনা করি	পড়ি (অঙ্কে)	পড়ি (কথায়)	কথায় লিখি
	৩১	একত্রিশ	একত্রিশ
	৩২	বত্রিশ	বত্রিশ
	৩৩	তেত্রিশ	তেত্রিশ
	৩৪	চৌত্রিশ	চৌত্রিশ
	৩৫	পঁয়ত্রিশ	পঁয়ত্রিশ
	৩৬	ছত্রিশ	ছত্রিশ







পাঠ ৪ সংখ্যা পড়ি ও কথায় লিখি (৩৭ থেকে ৪২)



শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৬; পাঠ্যবই, পৃষ্ঠা ৪

গণনা করি	পড়ি (অঙ্কে)	পড়ি (কথায়)	কথায় লিখি
	৩৭	সাঁইত্রিশ	সাঁইত্রিশ
	৩৮	আটত্রিশ	আটত্রিশ
	৩৯	উনচল্লিশ	উনচল্লিশ
	৪০	চল্লিশ	চল্লিশ
	৪১	একচল্লিশ	একচল্লিশ
	৪২	বিয়াল্লিশ	বিয়াল্লিশ

পাঠ ৫ সংখ্যা পড়ি ও কথায় লিখি (৪৩ থেকে ৫০)

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৭; পাঠ্যবই, পৃষ্ঠা ৫

গণনা করি	পড়ি (অঙ্কে)	পড়ি (কথায়)	কথায় লিখি
	৪৩	তেতাল্লিশ	তেতাল্লিশ
	৪৪	চুয়াল্লিশ	চুয়াল্লিশ
	৪৫	পঁয়তাল্লিশ	পঁয়তাল্লিশ
	৪৬	ছেচাল্লিশ	ছেচাল্লিশ
	৪৭	সাতচাল্লিশ	সাতচাল্লিশ
	৪৮	আটচাল্লিশ	আটচাল্লিশ

গণনা করি	পড়ি (অঙ্কে)	পড়ি (কথায়)	কথায় লিখি
	৪৯	উনপঞ্চাশ	উনপঞ্চাশ
	৫০	পঞ্চাশ	পঞ্চাশ

পাঠ ৭ নিজে করি

শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১০

পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও সমাধান **২** নিজে করি

পাঠ্যবই, পৃষ্ঠা-৭

প্রশ্ন ১ | নিচের সংখ্যাগুলো পড়ি ও কথায় লিখি।

২৪, ৪৭, ৩২, ৫৯, ৮৭, ৭৫, ৯৩, ৮৯, ৮৬, ৯৯, ১০০

সমাধান : সংখ্যাগুলো পড়ি ও কথায় লিখি :

সংখ্যা	পড়ি (অঙ্কে)	পড়ি (কথায়)	কথায় লিখি
২৪	২৪	চব্বিশ	চব্বিশ
৪৭	৪৭	সাতচল্লিশ	সাতচল্লিশ
৩২	৩২	বত্রিশ	বত্রিশ
৫৯	৫৯	উনষাট	উনষাট
৮৭	৮৭	সাতাশি	সাতাশি
৭৫	৭৫	পঁচাত্তর	পঁচাত্তর

সংখ্যা	পড়ি (অঙ্কে)	পড়ি (কথায়)	কথায় লিখি
৯৩	৯৩	তিরানব্বই	তিরানব্বই
৮৯	৮৯	উননব্বই	উননব্বই
৮৬	৮৬	ছিয়াশি	ছিয়াশি
৯৯	৯৯	নিরানব্বই	নিরানব্বই
১০০	১০০	একশত	একশত

প্রশ্ন ২ | কোনো গ্রামের ৫টি যৌথ পরিবারের সদস্য সংখ্যা নিচের ছকটিতে সংখ্যায় লিখি।

পরিবার-১	পরিবার-২	পরিবার-৩	পরিবার-৪	পরিবার-৫
১৬	-----	-----	-----	-----

সমাধান : ৫টি যৌথ পরিবারের সদস্য সংখ্যার ছক :

পরিবার-১	পরিবার-২	পরিবার-৩	পরিবার-৪	পরিবার-৫
১৬	১৮	১৫	১৭	১৪

[বি. দ্র. তোমার পছন্দমতো পরিবারের সদস্য সংখ্যা লিখতে পারবে।]

প্রশ্ন ৩ | কোনো বাড়িতে কী কী ধরনের কতগুলো ফলের গাছ আছে তা গণনা করে নিচের ছকে সংখ্যায় লিখি।

আমগাছ	কাঁঠালগাছ	পেয়ারাগাছ	নারিকেলগাছ	জামগাছ	সুপারিগাছ	-----	-----
-----	-----	-----	-----	-----	-----	-----	-----

সমাধান : ফলের গাছের সংখ্যা সারণি :

আমগাছ	কাঁঠালগাছ	পেয়ারাগাছ	নারিকেলগাছ	জামগাছ	সুপারিগাছ	লিচুগাছ	তালগাছ
১৫	১২	১৪	৮	৯	১৮	১৩	৬

[বি. দ্র. তোমার পছন্দমতো ফলের গাছের সংখ্যা লিখতে পারবে।]

প্রশ্ন ৪ | কোনো বিদ্যালয়ের ১ম শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত কতজন বালক-বালিকা আছে তা শ্রেণি অনুযায়ী গণনা করে নিচের ছকে কথায় লিখি।

শ্রেণি	বালক	বালিকা
১ম		
২য়		
৩য়		
৪র্থ		
৫ম		

সমাধান : ১ম শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত বালক-বালিকার সংখ্যা (কথায়) নিচে দেওয়া হলো :

শ্রেণি	বালক	বালিকা
১ম	বায়ান	আটচল্লিশ
২য়	সাতচল্লিশ	উনপঞ্চাশ
৩য়	বিয়াল্লিশ	ছেচল্লিশ
৪র্থ	পঁয়তাল্লিশ	পঞ্চান্ন
৫ম	তেতাল্লিশ	চুয়াল্লিশ

[বি.দ্র: তোমার পছন্দমতো ছাত্রছাত্রীর সংখ্যা লিখতে পারবে।]

পাঠ ৯ গণনা করা


▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৩; পাঠ্যবই, পৃষ্ঠা ৯



নিচে কতগুলো কাঠি আছে ?

▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৯ এর মূল প্রশ্নের সমাধান

সমাধান : কাঠির পরিবর্তে ব্লকের মাধ্যমে গণনা করি :



১০ এর ব্লক আছে ৩টি ও এক এর ব্লক আছে ৫টি।

সংখ্যাটি হলো : তিনশত পনেরো এবং অঙ্কে লিখতে পারি ৩১৫।





পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও সমাধান ১/৩ নিজে করি

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-১০

ব্লকের সংখ্যা অঙ্কে লিখি

শত		দশ	এক
সংখ্যাটি হলো :			

সমাধান : ব্লকের সংখ্যা অঙ্কে লিখি :

			
শত		দশ	এক
২		৩	৬

সংখ্যাটি হলো : দুইশত ছত্রিশ

সংখ্যাটি অঙ্কে : ২৩৬

মোট ব্লকের সংখ্যা অঙ্কে লিখি : ২৩৬




পাঠ ১১ গণনা (নিজে করি)

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৬




পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও সমাধান ৩ নিজে করি

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-১১

প্রশ্ন ১ | ব্লকের সংখ্যা গণনা করি এবং অঙ্কে লিখি

		
শত	দশ	এক
সংখ্যাটি হলো :		

সমাধান : ব্লকের সংখ্যা গণনা করি এবং অঙ্কে লিখি :


		
শত	দশ	এক
১	৮	৯

সংখ্যাটি হলো : একশত সাতচল্লিশ


সংখ্যাটি অঙ্কে : ১৮৯

মোট ব্লকের সংখ্যা অঙ্কে লিখি : ১৮৯

প্রশ্ন ২।

		
শত	দশ	এক
সংখ্যাটি হলো :		

সমাধান :

		
শত	দশ	এক
৫	০	৪

সংখ্যাটি হলো : পাঁচশত চার

সংখ্যাটি অঙ্কে : ৫০৪

মোট ব্লকের সংখ্যা অঙ্কে লিখি : ৫০৪

প্রশ্ন ৩।

		
শত	দশ	এক
সংখ্যাটি হলো :		

সমাধান :

		
শত	দশ	এক
৪	৫	২

সংখ্যাটি হলো : চারশত বাঁয়াম

সংখ্যাটি অঙ্কে : ৪৫২

মোট টাকার পরিমাণ অঙ্কে লিখি : ৪৫২

সংখ্যাটি কত?

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-১১ এর সমাধান

কতগুলো (শত)	কতগুলো (দশ)	কতগুলো (এক)
১০০	১০	১
১০০	১০	১
১০০	১০	১
১০০	১০	১
১০০	১০	১
১০০		
শত	দশ	এক

সংখ্যাটি হলো :

সমাধান : সংখ্যা গণনা :


কতগুলো (শত)	কতগুলো (দশ)	কতগুলো (এক)
১০০	১০	১
১০০	১০	১
১০০	১০	১
১০০	১০	১
১০০	১০	১
১০০		
শত	দশ	এক
৬	৫	৫

সংখ্যাটি হলো : ছয়শত পঞ্চাশ

সংখ্যাটি অঙ্কে : ৬৫৫

পাঠ ১২ গণনা (নিজে করি)

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৭

পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও সমাধান  নিজে করি

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-১২

প্রশ্ন ১ | কতটি ১০০, ১০ ও ১ এর কার্ড আছে তা গণনা করি।

১০০	১০	১	১০০	১০
১০	১	১০০	১০	১০০
১০০	১০	১	১০০	
১০০	১	১০	১	

সমাধান : সংখ্যা কার্ডগুলো সাজাই ও অঙ্কে লিখি :

১০০		১০		১
১০০		১০		১
১০০		১০		১
১০০	১০০	১০		১
১০০	১০০	১০	১০	১

১০০ এর কার্ড ৭টি, ১০ এর কার্ড ৬টি ও ১ এর কার্ড ৫টি।

প্রশ্ন ২ | অঙ্কে লিখি :



কত টাকা হলো তা অঙ্কে লিখি :

সমাধান : টাকার নোটগুলো সাজাই :

৫টি ১০০ টাকার নোট	৫টি ১০ টাকার নোট	৪টি ১ টাকার নোট
শত	দশ	১
৫	৫	৪

কত টাকা হলো তা অঙ্কে লিখি : ৫৫৪ টাকা।

পাঠ ১৩ গণনা (নিজে করি-সংখ্যা পড়ি ও অঙ্কে লিখি)

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৮; পাঠ্যবই, পৃষ্ঠা ১৩।

নিচের সংখ্যাগুলো পড়ি এবং ১০১ থেকে ৫০০ পর্যন্ত ও ৫০১ থেকে ১০০০ পর্যন্ত সংখ্যাগুলো আলাদাভাবে লিখি :

১১২, ৮৯৮, ৩০৪, ৫০৫, ৭১২, ৯২৫, ১৩৪, ৯৯৮, ১০০০, ৪৪৪, ৩৮২, ৭৫০, ৬০০, ৩৩৩, ১০১, ৫৯০

১০১ থেকে ৫০০ পর্যন্ত সংখ্যা :

৫০১ থেকে ১০০০ পর্যন্ত সংখ্যা :

সমাধান : সংখ্যাগুলো পড়ি :

সংখ্যা	সংখ্যা পড়ি
১১২	একশত বারো
৮৯৮	আটশত আটানব্বই
৩০৪	তিনশত চার
৫০৫	পাঁচশত পাঁচ
৭১২	সাতশত বারো
৯২৫	নয়শত পঁচিশ
১৩৪	একশত চৌত্রিশ
৯৯৮	নয়শত আটানব্বই
১০০০	এক হাজার
৪৪৪	চারশত চৌচল্লিশ

সংখ্যা	সংখ্যা পড়ি
৩৮২	তিনশত বিরাশি
৭৫০	সাতশত পঞ্চাশ
৬০০	ছয়শত
৩৩৩	তিনশত তেত্রিশ
১০১	একশত এক
৫০৯	পাঁচশত নয়

১০১ থেকে ৫০০ পর্যন্ত সংখ্যা :

১০১, ১১২, ১৩৪, ৩০৪, ৩৩৩, ৩৮২, ৪৪৪

৫০১ থেকে ১০০০ পর্যন্ত সংখ্যা :

৫০৫, ৫৯০, ৬০০, ৭১২, ৭৫০, ৮৯৮, ৯২৫, ৯৯৮, ১০০০

পড়ি ও অঙ্কে লিখি :

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-১৩ এর সমাধান

পড়ি	অঙ্কে লিখি
(১) একশত দশ	
(২) তিনশত ঊনপঞ্চাশ	
(৩) পাঁচশত পঁচাশি	
(৪) ছয়শত বাহাত্তর	
(৫) আটশত পঞ্চাশ	
(৬) নয়শত আট	

সমাধান : পড়ি ও অঙ্কে লিখি :

পড়ি	অঙ্কে লিখি
(১) একশত দশ	(১) ১১০
(২) তিনশত ঊনপঞ্চাশ	(২) ৩৪৯
(৩) পাঁচশত পঁচাশি	(৩) ৫৮৫
(৪) ছয়শত বাহাত্তর	(৪) ৬৭২
(৫) আটশত পঞ্চাশ	(৫) ৮৫০
(৬) নয়শত আট	(৬) ৯০৮

পাঠ ১৫ সংখ্যার তুলনা

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ২০



৩৫৪ ও ৩২৫ সংখ্যা দুটির মধ্যে কোন সংখ্যাটি বড়ো তা ব্যাখ্যা করি ▶ পাঠ্যবই, পৃষ্ঠা ১৬ এর মূল প্রশ্নের সমাধান

সমাধান : সংখ্যা দুটিকে শত, দশ ও এক এর দল করে সাজাই।

<p>৩৫৪</p>	<p>৩২৫</p>
------------	------------



যদি শত এর দল একই হয় তবে আমরা দশ এর দলের তুলনা করি।

আবার যদি দশ এর দল একই হয় তবে আমরা এক এর দলের তুলনা করি।



এখানে শত এর দল একই হওয়ায় আমরা দশ এর দলের তুলনা করি। ৩৫৪ ও ৩২৫ এর মধ্যে ৩৫৪ এ ৩টি দশের দল বেশি আছে।

তাই বড় সংখ্যাটি : ৩৫৪



পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও সমাধান নিজে করি

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-১৬

প্রশ্ন ১ | বড়ো সংখ্যাটিতে গোল দাগ দিই

৮৫ ৫৭

৫২৪ ৩৪৮

৬৩৪ ৬৭০

৪২৩ ৪২৮

৮২৩ ৫৪০

৯০১ ৯৭২

সমাধান : বড়ো সংখ্যাটিতে গোল দাগ দিই :

৮৫ ৫৭

৫২৪ ৩৪৮

৬৩৪ ৬৭০

৪২৩ ৪২৮

৮২৩ ৫৪০

৯০১ ৯৭২

প্রশ্ন ২ | ছোটো সংখ্যাটিতে গোল দাগ দিই

৭৫ ৬৫

৪২৩ ৩৩৭

৫৫৭ ৬৪২

৮৭৬ ৭০৬

৬৭৮ ৯৪৮

৭৮৫ ৬৩৯

সমাধান : ছোটো সংখ্যাটিতে গোল দাগ দিই :

৭৫ ৬৫

৪২৩ ৩৩৭

৫৫৭ ৬৪২

৮৭৬ ৭০৬

৬৭৮ ৯৪৮

৭৮৫ ৬৩৯

নোট : জেনে রাখি

- দুই অঙ্কবিশিষ্ট সংখ্যার বামের অঙ্কটি দশ এর দল এবং ডানের অঙ্কটি এক এর দল ধরব।
- তিন অঙ্কবিশিষ্ট সংখ্যার বামের অঙ্কটি শত এর দল, মাঝের অঙ্কটি দশ এর দল এবং ডানের অঙ্কটি এক এর দল ধরব।
- দুই অঙ্কবিশিষ্ট সংখ্যার যে সংখ্যার দশ এর দল বড়ো সে সংখ্যাটি বড়ো এবং যে সংখ্যার দশ এর দল ছোটো সে সংখ্যাটি ছোটো। আবার দশ এর দল একই হলে যে সংখ্যার এক এর দল বড়ো সে সংখ্যাটি বড়ো এবং যে সংখ্যার একের দল ছোটো সে সংখ্যাটি ছোটো।
- তিন অঙ্কবিশিষ্ট সংখ্যার যে সংখ্যার শত এর দল বড়ো সে সংখ্যাটি বড়ো এবং যে সংখ্যার শত এর দল ছোটো সে সংখ্যাটি ছোটো। আবার শত এর দল একই হলে যে সংখ্যার দশ এর দল বড়ো সে সংখ্যাটি বড়ো এবং যে সংখ্যার দশ এর দল ছোটো সে সংখ্যাটি ছোটো। এভাবে শত এর দল এবং দশ এর দল একই হলে, যে সংখ্যার একের দল বড়ো সে সংখ্যাটি বড়ো এবং যে সংখ্যার একের দল ছোটো সে সংখ্যাটি ছোটো।


পাঠ ১৭ স্থানীয় মান (ছবি দেখে প্রকাশ করা)

শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ২৫



ছবিতে কতগুলো শত, দশের দল ও কতটি এক আছে ?

পাঠ্যবই, পৃষ্ঠা ১৮ এর মূল প্রশ্নের সমাধান



সমাধান :

৩ শত = ৩ শতক	৫ দশ = ৫ দশক	৬ এক = ৬ একক
সংখ্যাটি : ৩ শতক ৫ দশক ও ৬ একক = ৩ শত ৫ দশ ৬ = তিনশত ছাপ্পান		
সংখ্যাটি অঙ্ক : ৩৫৬		

ছবিতে ৩টি শত এর দল, ৫টি দশ এর দল ও ৬টি এক আছে।

▲ নিচে কতগুলো হাজার, শত, দশ ও এক আছে?

১০০০	১০০	১০০	
১০০০	১০০	১০০	
১০	১০	১	১
১০	১০		

_____ হাজার _____ শত _____ দশ _____ এক

সংখ্যাটি : _____

সমাধান : হাজার, শত, দশ ও এক-এর মাধ্যমে সংখ্যা প্রকাশ :

	১০০	১০	
	১০০	১০	
১০০০	১০০	১০	১
১০০০	১০০	১০	১

_____ ২ হাজার _____ ৪ শত _____ ৪ দশ _____ ২ এক

সংখ্যাটি : ২ হাজার ৪ শতক ৪ দশক ও ২ একক = ২ হাজার ৪ শত ৪ দশ ২
= দুই হাজার চার শত বিয়াল্লিশ

সংখ্যাটি অঙ্কে : ২৪৪২

পাঠ ১৮ স্থানীয় মান (ব্যাখ্যা করা)

২৪৪২ এর প্রত্যেকটি অঙ্কের স্থানীয় মান ব্যাখ্যা করি ▶ পাঠ্যবই, পৃষ্ঠা ১৯ এর মূল প্রশ্নের সমাধান

<p>স্থানীয় মান</p> <p>২ ৪ ৪ ২</p> <p>_____ ২ একক</p> <p>_____ ৪ দশক</p> <p>_____ ৪ শতক</p> <p>_____ ২ হাজার</p>	<p>স্থানীয় মান</p> <p>_____ ২ হাজার</p> <p>_____ ৪ শতক</p> <p>_____ ৪ দশক</p> <p>_____ ২ একক</p> <p>২ ৪ ৪ ২</p>
<p>২ হাজার ৪ শতক ৪ দশক ২ একক = ২ হাজার ৪ শত ৪২</p>	<p>২ হাজার ৪ শতক ৪ দশক ২ একক = ২ হাজার ৪ শত ৪২</p>

একের ভিতর সব (২য় স্তোম্ভ) - ৩৯

১ ছবি দেখে স্থানীয় মান লিখি

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-১৯ এর কাজের সমাধান

৩ দশক	৫ একক
স্থানীয় মান ৩০	স্থানীয় মান ৫

----- দশক	----- একক
স্থানীয় মান -----	স্থানীয় মান -----

সমাধান : ছবি দেখে স্থানীয় মান লিখি :

৩ দশক	৫ একক
স্থানীয় মান ৩০	স্থানীয় মান ৫

৪ দশক	৬ একক
স্থানীয় মান ৪০	স্থানীয় মান ৬

২ ছবি দেখে স্থানীয় মান অঙ্কে ও সংখ্যায় লিখি

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-১৯ এর কাজের সমাধান

----- দশক	----- একক
সংখ্যা -----	

----- দশক	----- একক
সংখ্যা -----	

----- দশক	----- একক
সংখ্যা -----	

সমাধান : ছবি দেখে স্থানীয় মান অঙ্কে ও সংখ্যায় লিখা হলো :

২ দশক	৬ একক
সংখ্যা ২৬	

৪ দশক	০ একক
সংখ্যা ৪০	

৫ দশক	৩ একক
সংখ্যা ৫৩	

পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

নিজে করি

পাঠ্যবই, পৃষ্ঠা-২০

১ খালিঘর পূরণ করি

- (১) $৫৬ = ৫$ দশক ৬ একক
 (২) $৮৩ =$ দশক একক
 (৩) $১২০ =$ শতক দশক একক
 (৪) $৪৬৭ =$ শতক দশক একক
 (৫) $৯৭৬ =$ শতক দশক একক
 (৬) $১০০০ =$ হাজার শতক দশক একক

সমাধান : খালিঘর পূরণ করি :

- (১) $৫৬ = ৫$ দশক ৬ একক
 (২) $৮৩ = ৮$ দশক ৩ একক
 (৩) $১২০ = ১$ শতক ২ দশক ০ একক
 (৪) $৪৬৭ = ৪$ শতক ৬ দশক ৭ একক
 (৫) $৯৭৬ = ৯$ শতক ৭ দশক ৬ একক
 (৬) $১০০০ = ১$ হাজার ০ শতক ০ দশক ০ একক

পাঠ ২০ স্থানীয় মান সম্পর্কিত খালিঘর পূরণ করা ও লেখা অনুশীলন

শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৩১

২ খালিঘর পূরণ করি

- (১) ২ দশক ৮ একক =
 (২) ৭ দশক ৪ একক =
 (৩) ১ শতক ৮ একক =
 (৪) ২ শতক ৩ দশক =
 (৫) ৭ শতক ৮ দশক ২ একক =
 (৬) ১ হাজার =

সমাধান : খালিঘর পূরণ করি :

- (১) ২ দশক ৮ একক =
 (২) ৭ দশক ৪ একক =
 (৩) ১ শতক ৮ একক =
 (৪) ২ শতক ৩ দশক =
 (৫) ৭ শতক ৮ দশক ২ একক =
 (৬) ১ হাজার =

৩ নিচের সংখ্যাগুলোর প্রতিটি অঙ্কের স্থানীয় মান লিখি।

২৪, ৫৬, ৭৩, ৯৮, ১০৫, ৩২৮, ৬৩৯, ৮৪০, ৯৫৭, ১০০০।

সমাধান : সংখ্যাগুলোর প্রতিটি অঙ্কের স্থানীয় মান নিচে লিখা হলো :

<p>২ ৪ স্থানীয় মান</p> <p>৪ একক = ৪</p> <p>২ দশক = ২০</p>	<p>স্থানীয় মান</p> <p>২ দশক = ২০</p> <p>৪ একক = ৪</p>
<p>৫ ৬ স্থানীয় মান</p> <p>৬ একক = ৬</p> <p>৫ দশক = ৫০</p>	<p>স্থানীয় মান</p> <p>৫ দশক = ৫০</p> <p>৬ একক = ৬</p>
<p>৭ ৩ স্থানীয় মান</p> <p>৩ একক = ৩</p> <p>৭ দশক = ৭০</p>	<p>স্থানীয় মান</p> <p>৭ দশক = ৭০</p> <p>৩ একক = ৩</p>

<p>৯৮ স্থানীয় মান</p> <p>৮ একক = ৮</p> <p>৯ দশক = ৯০</p>	<p>স্থানীয় মান</p> <p>৯ দশক = ৯০</p> <p>৮ একক = ৮</p>
<p>১০৫ স্থানীয় মান</p> <p>৫ একক = ৫</p> <p>০ দশক = ০০</p> <p>১ শতক = ১০০</p>	<p>স্থানীয় মান</p> <p>১ শতক = ১০০</p> <p>০ দশক = ০০</p> <p>৫ একক = ৫</p>
<p>৩২৮ স্থানীয় মান</p> <p>৮ একক = ৮</p> <p>২ দশক = ২০</p> <p>৩ শতক = ৩০০</p>	<p>স্থানীয় মান</p> <p>৩ শতক = ৩০০</p> <p>২ দশক = ২০</p> <p>৮ একক = ৮</p>
<p>৬৩৯ স্থানীয় মান</p> <p>৯ একক = ৯</p> <p>৩ দশক = ৩০</p> <p>৬ শতক = ৬০০</p>	<p>স্থানীয় মান</p> <p>৬ শতক = ৬০০</p> <p>৩ দশক = ৩০</p> <p>৯ একক = ৯</p>
<p>৮৮০ স্থানীয় মান</p> <p>০ একক = ০</p> <p>৮ দশক = ৮০</p> <p>৮ শতক = ৮০০</p>	<p>স্থানীয় মান</p> <p>৮ শতক = ৮০০</p> <p>৮ দশক = ৮০</p> <p>০ একক = ০</p>
<p>৯৫৭ স্থানীয় মান</p> <p>৭ একক = ৭</p> <p>৫ দশক = ৫০</p> <p>৯ শতক = ৯০০</p>	<p>স্থানীয় মান</p> <p>৯ শতক = ৯০০</p> <p>৫ দশক = ৫০</p> <p>৭ একক = ৭</p>
<p>১০০০ স্থানীয় মান</p> <p>০ একক = ০</p> <p>০ দশক = ০০</p> <p>০ শতক = ০০০</p> <p>১ হাজার = ১০০০</p>	<p>স্থানীয় মান</p> <p>১ হাজার = ১০০০</p> <p>০ শতক = ০০০</p> <p>০ দশক = ০০</p> <p>০ একক = ০</p>

পাঠ ২১ সংখ্যার তুলনা (স্থানীয় মানের সাহায্যে)

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৩২

১ নিচের দুটি সংখ্যার তুলনা করি **৪৬০** এবং **৬৩০**

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-২২ এর অসমাপ্ত কাজের সমাধান

সমাধান :

এক্ষেত্রে শতক স্থানের ৪ থেকে ৬ বড়ো। কাজেই আমরা বলতে পারি ৪৬০ থেকে ৬৩০ বড়ো।

তাহলে ৪৬০ ছোটো এবং ৬৩০ বড়ো।



পাঠ ২২ নিজে করি (ছোটো-বড়ো সংখ্যার তুলনা করা)

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৩৪

পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও সমাধান ১২ নিজে করি

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-২৩

▶ প্রশ্ন ১ | নিচের সংখ্যাগুলো ছোটো-বড়ো তুলনা কর।

- (১) ১২৮, ২৩৫
- (২) ২৪৮, ২২৬
- (৩) ৪৯৬, ৪৬৯
- (৪) ৬৯২, ৫৯৪
- (৫) ৮৭২, ৮৫৮
- (৬) ১০০০, ৯৯৮

সমাধান : সংখ্যাগুলোর ছোটো-বড়ো তুলনা :

(১) ১২৮, ২৩৫

এক্ষেত্রে সবচেয়ে বড় স্থানীয় মান হচ্ছে শতক।
এখানে শতক স্থানের ১ থেকে ২ বড়ো।
কাজেই আমরা বলতে পারি ১২৮ থেকে ২৩৫ বড়ো।
তাহলে ১২৮ ছোটো এবং ২৩৫ বড়ো।

(২) ২৪৮, ২২৬

২৪৮ এবং ২২৬ এর শতক স্থানের অঙ্ক একই।
এখন সংখ্যা দুইটির দশক স্থানের অঙ্ক তুলনা করি।
৪ থেকে ২ ছোটো। কাজেই আমরা বলতে পারি ২৪৮
থেকে ২২৬ ছোটো।
তাহলে ২৪৮ বড়ো এবং ২২৬ ছোটো।

(৩) ৪৯৬, ৪৬৯

৪৯৬ এবং ৪৬৯ এর শতক স্থানের অঙ্ক একই।
এখন সংখ্যা দুইটির দশক স্থানের অঙ্ক তুলনা করি।
৯ থেকে ৬ ছোটো। কাজেই আমরা বলতে পারি ৪৯৬
থেকে ৪৬৯ ছোটো।
তাহলে ৪৯৬ বড়ো এবং ৪৬৯ ছোটো।

(৪) ৬৯২, ৫৯৪

এক্ষেত্রে সবচেয়ে বড়ো স্থানীয় মান হচ্ছে শতক।
এখানে, শতক স্থানের ৬ থেকে ৫ ছোটো।
কাজেই আমরা বলতে পারি ৬৯২ থেকে ৫৯৪ ছোটো।
তাহলে ৬৯২ বড়ো এবং ৫৯৪ ছোটো।

(৫) ৮৭২, ৮৫৮

৮৭২ এবং ৮৫৮ এর শতক স্থানের অঙ্ক একই।
এখন সংখ্যা দুইটির দশক স্থানের অঙ্ক তুলনা করি।
এখানে, দশকের স্থানের ৭ থেকে ৫ ছোটো। কাজেই
আমরা বলতে পারি ৮৭২ অপেক্ষা ৮৫৮ ছোটো।
তাহলে ৮৭২ বড়ো এবং ৮৫৮ ছোটো।

(৬) ১০০০, ৯৯৮

আমরা জানি, তিন অঙ্কবিশিষ্ট সংখ্যা থেকে চার
অঙ্কবিশিষ্ট সংখ্যা বড়ো।
যেহেতু ১০০০ চার অঙ্কবিশিষ্ট সংখ্যা এবং ৯৯৮
তিন অঙ্কবিশিষ্ট সংখ্যা।
কাজেই আমরা বলতে পারি ১০০০ থেকে ৯৯৮ ছোটো
তাহলে ১০০০ বড়ো এবং ৯৯৮ ছোটো।

▶ প্রশ্ন ২ | নিচের সংখ্যাগুলো তুলনা করি এবং ছোটো থেকে বড়ো ও বড়ো থেকে ছোটো লিখি।

সংখ্যা	ছোটো থেকে বড়ো	বড়ো থেকে ছোটো
(১) ৪৩০, ৪২৮		
(২) ৬৭৮, ৬৭৫		
(৩) ৮২৭, ৯৪৮		
(৪) ৯৮৫, ৯৫০		
(৫) ৭৪৪, ৭২২		

সমাধান : ছোটো থেকে বড়ো এবং বড়ো থেকে ছোটো সংখ্যাগুলো সাজিয়ে লিখি :

সংখ্যা	ছোটো থেকে বড়ো	বড়ো থেকে ছোটো
(১) ৪৩০, ৪২৮	৪২৮ থেকে ৪৩০ বড়ো	৪৩০ থেকে ৪২৮ ছোটো
(২) ৬৭৮, ৬৭৫	৬৭৫ থেকে ৬৭৮ বড়ো	৬৭৮ থেকে ৬৭৫ ছোটো
(৩) ৮২৭, ৯৪৮	৮২৭ থেকে ৯৪৮ বড়ো	৯৪৮ থেকে ৮২৭ ছোটো
(৪) ৯৮৫, ৯৫০	৯৫০ থেকে ৯৮৫ বড়ো	৯৮৫ থেকে ৯৫০ ছোটো
(৫) ৭৪৪, ৭২২	৭২২ থেকে ৭৪৪ বড়ো	৭৪৪ থেকে ৭২২ ছোটো

জেনে রাখি :

- তিন অঙ্কবিশিষ্ট সংখ্যাগুলোর মধ্যে যে সংখ্যার শতক স্থানের অঙ্ক বড়ো সে সংখ্যাটি বড়ো এবং যে সংখ্যার শতক স্থানের অঙ্ক ছোটো সে সংখ্যাটি ছোটো।
- তিন অঙ্কবিশিষ্ট সংখ্যাগুলোর শতক স্থানের অঙ্ক একই হলে যে সংখ্যার দশক স্থানের অঙ্ক বড়ো সে সংখ্যাটি বড়ো এবং যে সংখ্যার দশক স্থানের অঙ্ক ছোটো সে সংখ্যাটি ছোটো।
- তিন অঙ্কবিশিষ্ট সংখ্যাগুলোর শতক এবং দশক স্থানের অঙ্ক একই হলে, যে সংখ্যার একক স্থানের অঙ্ক বড়ো সে সংখ্যাটি বড়ো এবং যে সংখ্যার একক স্থানের অঙ্ক ছোটো সে সংখ্যাটি ছোটো।

পাঠ ২৩ ছোটো থেকে বড়ো এবং বড়ো থেকে ছোটো ক্রমানুসারে সাজানো

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৩৬

নিচের সংখ্যাগুলো তুলনা করি এবং ছোটো থেকে বড়ো ও বড়ো থেকে ছোটো ক্রমানুসারে সাজাই।

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-২৪ এর সমাধান

সংখ্যা	ছোটো থেকে বড়ো	বড়ো থেকে ছোটো
(১) ৪৩২, ৩২৮, ৫৪০		
(২) ৫২৯, ৫১৭, ৫৪৯		
(৩) ৪০৭, ৬০৩, ৩৩০		
(৪) ৭২৯, ৭২০, ৭২৬		
(৫) ১০০০, ৭৮০, ৯৪৯		

সমাধান : সংখ্যাগুলো ছোটো থেকে বড়ো এবং বড়ো থেকে ছোটো ক্রমানুসারে সাজানো হলো :

সংখ্যা	ছোটো থেকে বড়ো	বড়ো থেকে ছোটো
(১) ৪৩২, ৩২৮, ৫৪০	৩২৮, ৪৩২, ৫৪০	৫৪০, ৪৩২, ৩২৮
(২) ৫২৯, ৫১৭, ৫৪৯	৫১৭, ৫২৯, ৫৪৯	৫৪৯, ৫২৯, ৫১৭
(৩) ৪০৭, ৬০৩, ৩৩০	৩৩০, ৪০৭, ৬০৩	৬০৩, ৪০৭, ৩৩০
(৪) ৭২৯, ৭২০, ৭২৬	৭২০, ৭২৬, ৭২৯	৭২৯, ৭২৬, ৭২০
(৫) ১০০০, ৭৮০, ৯৪৯	৭৮০, ৯৪৯, ১০০০	১০০০, ৯৪৯, ৭৮০


পাঠ ২৪ জোড়-বিজোড় সংখ্যা

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৩৮




২টি করে নিয়ে গোল দাগ দিই

▶ পাঠ্যবই, পৃষ্ঠা ২৫ এর মূল প্রশ্নের সমাধান



সমাধান :



২টি করে নিয়ে তৈরি করা দলকে কী বলে ?


আমার মনে হয় ২ এর দল বলা যায়।



▲ নিচের ছবিতে ২টি করে গোল দাগ দিই।

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-২৬ এর সমাধান

সমাধান :









পাঠ ২৫ জোড় ও বিজোড় সংখ্যা শনাক্ত করা ও প্যাটার্ন সম্পর্কে জানা

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৪০

▲ জোড় ও বিজোড় সংখ্যা শনাক্ত করি

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-২৭ এর কাজের সমাধান

		
১	২	৩
		
৪	৫	৬

৬টি পর্যন্ত দেখেছি। ২টি, ৪টি ও ৬টি দিয়ে জোড়া তৈরি করা যায়।
কিন্তু ১টি, ৩টি ও ৫টি দিয়ে জোড়া তৈরি করা যায় না।



এভাবে আর কোন কোন সংখ্যা তৈরি করা যায়?



■ উপরের মতো জোড়া ব্যবহার করে কোন কোন সংখ্যা তৈরি করা যায় এবং কোন কোন সংখ্যা তৈরি করা যায় না? নিচের টেবিলে লিখি।

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-২৭ এর অনুশীলনের সমাধান

সমাধান :

যেসব সংখ্যা জোড়া তৈরি করে	২, ৪, ৬, ৮, ১০, ১২, ১৪, ১৬, ১৮, ২০, ২২, ২৪
যেসব সংখ্যা জোড়া তৈরি করে না	১, ৩, ৫, ৭, ৯, ১১, ১৩, ১৫, ১৭, ১৯, ২১, ২৩

উপরের ছকে ২, ৪, ৬, ৮, জোড় সংখ্যা ও এটি জোড় সংখ্যার প্যাটার্ন এবং ১, ৩, ৫, ৭, বিজোড় সংখ্যা ও এটি বিজোড় সংখ্যার প্যাটার্ন।

পাঠ ২৭ অনুশীলন : জোড় ও বিজোড় সংখ্যা লেখা

শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৪৪

পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও সমাধান ৩ নিজে করি

পাঠ্যবই, পৃষ্ঠা-২৯

প্রশ্ন ১ | নিচের সংখ্যাগুলো থেকে জোড় ও বিজোড় সংখ্যা লিখি।

৮, ১৩, ২০, ১১, ২৪, ৯, ১৮, ৭, ২১, ১৬

জোড় সংখ্যা	:	
বিজোড় সংখ্যা	:	

সমাধান : জোড় ও বিজোড় সংখ্যা লিখি :

জোড় সংখ্যা	:	৮, ১৬, ১৮, ২০, ২৪
বিজোড় সংখ্যা	:	৭, ৯, ১১, ১৩, ২১

প্রশ্ন ২ | নিচের সংখ্যাগুলো থেকে জোড় ও বিজোড় সংখ্যা লিখি।

৬, ১৫, ১২, ২৫, ২৩, ৩২, ৩৯, ৪৩, ৪৮, ৫০

জোড় সংখ্যা	:	
বিজোড় সংখ্যা	:	

সমাধান : জোড় বিজোড় সংখ্যা লিখি :

জোড় সংখ্যা	:	৬, ১২, ৩২, ৪৮, ৫০
বিজোড় সংখ্যা	:	১৫, ২৩, ২৫, ৩৯, ৪৩

প্রশ্ন ৩ | ২০ এর চেয়ে বড়ো এবং ৪০ এর চেয়ে ছোটো জোড় সংখ্যাগুলো লিখি।

--

সমাধান : ২০ এর চেয়ে বড়ো এবং ৪০ এর চেয়ে ছোটো জোড় সংখ্যাগুলো হলো :

২২, ২৪, ২৬, ২৮, ৩০, ৩২, ৩৪, ৩৬, ৩৮

প্রশ্ন ৪ | ২৫ এর চেয়ে বড়ো এবং ৫০ এর চেয়ে ছোটো বিজোড় সংখ্যাগুলো লিখি।

--

সমাধান : ২৫ এর চেয়ে বড়ো এবং ৫০ এর চেয়ে ছোটো বিজোড় সংখ্যাগুলো হলো :

২৭, ২৯, ৩১, ৩৩, ৩৫, ৩৭, ৩৯, ৪১, ৪৩, ৪৫, ৪৭, ৪৯
--

পাঠ ২৮ সংখ্যা প্যাটার্ন

শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৪৫

পরবর্তী সংখ্যাগুলো কত হবে?

পাঠ্যবই, পৃষ্ঠা-৩০ এর সমাধান

(১) ২, ৪, ৬, ৮, —, —, —

সমাধান :



এখানে সংখ্যা শুরু ২ দিয়ে এবং প্রতিক্ষেত্রে ২ করে বাড়ছে।

এখানে পর পর দুইটি সংখ্যার পার্থক্য সবসময়ই ২।



২, ৪, ৬, ৮, ১০, ১২, ১৪, ১৬

এখানে সংখ্যার প্যাটার্ন হলো : ২, ৪, ৬, ৮, ১০, ১২, ১৪, ১৬, ১৮, ২০, ২২

(২) ১৫, ২০, ২৫, __, __, __

সমাধান :



এখানে সংখ্যা শুরু ১৫ দিয়ে এবং প্রতিক্ষেত্রে ৫ করে বাড়ছে।

এখানে পর পর দুইটি সংখ্যার পার্থক্য সবসময়ই ৫।



১৫, ২০, ২৫, ৩০, ৩৫, ৪০, ৪৫

এখানে সংখ্যার প্যাটার্ন হলো : ১৫, ২০, ২৫, ৩০, ৩৫, ৪০, ৪৫, ৫০, ৫৫, ৬০

(৩) ২১, ১৯, ১৭, ১৫, __, __, __

সমাধান :



এখানে সংখ্যা শুরু ২১ দিয়ে এবং প্রতিক্ষেত্রে ২ করে কমছে।

এখানে পর পর দুইটি সংখ্যার পার্থক্য সবসময়ই ২।



২১, ১৯, ১৭, ১৫, ১৩, ১১, ৯, ৭

এখানে সংখ্যার প্যাটার্ন হলো : ২১, ১৯, ১৭, ১৫, ১৩, ১১, ৯, ৭

পাঠ ২৯ সংখ্যা প্যাটার্ন

শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৪৭; পাঠ্যবই, পৃষ্ঠা ৩১

(৪) নিচের সংখ্যার প্যাটার্ন কী ধরনের এবং পরবর্তী সংখ্যাগুলো লিখি।

(১) ১, ৩, ৫, ৭, __, __, __

সমাধান :



এখানে সংখ্যার শুরু ১ দিয়ে এবং প্রতিক্ষেত্রে ২ করে বাড়ছে।

১, ৩, ৫, ৭, ৯, ১১, ১৩

প্যাটার্নটি বিজোড় সংখ্যার প্যাটার্ন।



এখানে সংখ্যার প্যাটার্ন হলো : ১, ৩, ৫, ৭, ৯, ১১, ১৩

(২) ৪, ৬, ৮, ১০,

সমাধান :



এখানে সংখ্যার শুরু ৪ দিয়ে এবং প্রতিক্ষেত্রে ২ করে বাড়ছে।

৪, ৬, ৮, ১০, ১২, ১৪

প্যাটার্নটি জোড় সংখ্যার প্যাটার্ন।



এখানে সংখ্যার প্যাটার্ন হলো : ৪, ৬, ৮, ১০, ১২, ১৪

(৫) বিজোড় সংখ্যার প্যাটার্ন তৈরি করি যা ৩ দিয়ে শুরু এবং প্রতি ক্ষেত্রে ৪ করে বাড়ছে।



এখানে সংখ্যার শুরু ৩ দিয়ে এবং প্রতিক্ষেত্রে ৪ যোগ করি।

৩, ৭, ১১, ১৫, ১৯, , , ,

সমাধান : এখানে, সংখ্যার শুরু ৩ দিয়ে এবং প্রতিক্ষেত্রে ৪ করে বাড়ছে। প্যাটার্নের পরবর্তী সংখ্যাগুলো হবে।

$$১৯ + ৪ = ২৩$$

$$২৩ + ৪ = ২৭$$

$$২৭ + ৪ = ৩১$$

$$৩১ + ৪ = ৩৫$$

∴ সংখ্যার প্যাটার্ন হলো : ৩, ৭, ১১, ১৫, ১৯ ২৩, ২৭, ৩১, ৩৫

পাঠ ৩০ সংখ্যা প্যাটার্ন খুঁজে বের করা

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৪৯; পাঠ্যবই, পৃষ্ঠা ৩২

(৬) নিচের সংখ্যার প্যাটার্নের পরবর্তী তিনটি সংখ্যা লিখি এবং প্যাটার্নের নিয়ম ব্যাখ্যা করি।

০, ৫, ১০, ১৫, ২০, __, __, __

সমাধান :



এখানে প্যাটার্নটি শুরু ০ দিয়ে এবং প্রতি ক্ষেত্রে ৫ করে বাড়ছে।

তাহলে প্রতি ক্ষেত্রে ৫ যোগ করা হয়েছে।



০, ৫, ১০, ১৫, ২০, ২৫, ৩০, ৩৫, ৪০

এখানে, সংখ্যার প্যাটার্ন হলো : ০, ৫, ১০, ১৫, ২০, ২৫, ৩০, ৩৫

(৭) নিচের সংখ্যার প্যাটার্ন খুঁজে বের করি এবং গোল দাগ নিই।

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৩২ এর সমাধান

(১) ১ করে বৃদ্ধিতে ৫ থেকে ১০ পর্যন্ত

(২) ২ করে কমে ৪৮ থেকে ৩৮ পর্যন্ত

(৩) ৩ করে বৃদ্ধিতে ৯ থেকে ২৪ পর্যন্ত

(৪) ৫ করে কমে ৫০ থেকে ৪০ পর্যন্ত

৮৬	৮৭	৯	১২	১৫	১৮	২১	২৪	৪৫	৪৬
১৬	১৮	২০	২৪	৬৫	৬০	৫৫	৫০	৪৫	৪০
৩৬	৩৮	৪০	৪২	৪৪	৪৬	৪৮	৫০	৫২	৫৪
৫	১০	৪৮	৪৬	৪৪	৪২	৪০	৩৮	২০	৪০
৪৫	৫০	৬০	৩০	৩৫	৪০	৪৫	৫০	৫৫	৯৫
১০	২০	৩০	৫	৬	৭	৮	৯	১০	১২
৪৫	৫০	১২	১৪	১৬	১৮	২০	২২	৮০	৯০
৪	২৫	৩১	৩৭	৪০	৪৯	৫৫	১০	২০	৩০

সমাধান : সংখ্যার প্যাটার্নগুলো খুঁজে বের করি এবং গোল দাগ দিই :

৮৬	৮৭	৯	১২	১৫	১৮	২১	২৪	৪৫	৪৬
১৬	১৮	২০	২৪	৬৫	৬০	৫৫	৫০	৪৫	৪০
৩৬	৩৮	৪০	৪২	৪৪	৪৬	৪৮	৫০	৫২	৫৪
৫	১০	৪৮	৪৬	৪৪	৪২	৪০	৩৮	২০	৪০
৪৫	৫০	৬০	৩০	৩৫	৪০	৪৫	৫০	৫৫	৯৫
১০	২০	৩০	৫	৬	৭	৮	৯	১০	১২
৪৫	৫০	১২	১৪	১৬	১৮	২০	২২	৮০	৯০
৪	২৫	৩১	৩৭	৪০	৪৯	৫৫	১০	২০	৩০

(১) ৫, ৬, ৭, ৮, ৯, ১০

(২) ৪৮, ৪৬, ৪৪, ৪২, ৪০, ৩৮

(৩) ৯, ১২, ১৫, ১৮, ২১, ২৪

(৪) ৫০, ৪৫, ৪০

পাঠ ৩১ অনুশীলন (সংখ্যা প্যাটার্ন তৈরি করা)

শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৫১

পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

অনুশীলন করি

পাঠ্যবই, পৃষ্ঠা-৩৩


প্রশ্ন ১ | পরবর্তী সংখ্যাগুলো কত হবে?

(১) ১, ৩, ৫, ৭, —, —, —

(২) ২, ৩, ৫, ৮, ১২, —, —, —

(৩) ৪০, ৪২, —, ৪৬, —, ৫০ —

সমাধান : (১) ১, ৩, ৫, ৭, —, —, —




এখানে, সংখ্যার শুরু ১ দিয়ে এবং প্রতিক্ষেত্রে ২ করে বাড়ছে। তাহলে প্রতিক্ষেত্রে ২ যোগ করা হয়েছে। সুতরাং, প্যাটার্নটি বিজোড় সংখ্যার প্যাটার্ন। প্যাটার্নের পরবর্তী সংখ্যাগুলো হবে, $৭ + ২ = ৯$, $৯ + ২ = ১১$, $১১ + ২ = ১৩$

∴ সংখ্যার প্যাটার্ন হলো : ১, ৩, ৫, ৭, ৯, ১১, ১৩।

∴ পরবর্তী সংখ্যাগুলো ৯, ১১ এবং ১৩ হবে।

(২) ২, ৩, ৫, ৮, ১২, —, —, —



এখানে, সংখ্যার শুরু ২ দিয়ে এবং প্রতিবার পার্থক্য ১ করে বাড়ছে। অতএব, প্যাটার্নের পরবর্তী সংখ্যাগুলো হবে,

$$১২ + (৪ + ১) = ১২ + ৫ = ১৭$$

$$১৭ + (৫ + ১) = ১৭ + ৬ = ২৩$$

$$২৩ + (৬ + ১) = ২৩ + ৭ = ৩০$$

∴ সংখ্যার প্যাটার্ন হলো :

২, ৩, ৫, ৮, ১২, ১৭, ২৩, ৩০।

∴ পরবর্তীতে সংখ্যাগুলো ১৭, ২৩ এবং ৩০ হবে।

(৩) ৪০, ৪২, —, ৪৬, —, ৫০, —

এখানে, ৪০ থেকে ২ বেশি ৪২। আবার ৪২ থেকে ২ কম ৪০। তাহলে ৪২ এর আগের সংখ্যাটি ৪২ থেকে ২ কম হবে। ৪২ এর পরের সংখ্যাটি ৪২ থেকে ২ বেশি ৪৪ হবে। অনুরূপভাবে ৪৬ এর পরের সংখ্যাটি এবং ৫০ এর পরের সংখ্যাটি ২ করে বেশি হবে। তাহলে ৪৬ এর পরে সংখ্যাটি ৪৮ এবং ৫০ এর পরের সংখ্যাটি ৫২ হবে।

∴ সংখ্যার প্যাটার্ন হলো : ৪০, ৪২, ৪৪, ৪৬, ৪৮, ৫০, ৫২।

সংখ্যাগুলো যথাক্রমে ৪৪, ৪৮ এবং ৫২ হবে।

প্রশ্ন ২ | নিচের সংখ্যাগুলোর জোড়-বিজোড় প্যাটার্ন শনাক্ত কর এবং পরবর্তী সংখ্যাগুলো লেখো।

(১) ১৬, ১৮, ২০,

(২) ৩৭, ৩৯, ৪১,

সমাধান : (১) ১৬, ১৮, ২০,

আমরা জানি, সংখ্যার শেষের অঙ্ক ২, ৪, ৬, ৮ বা ০ হলে সংখ্যাগুলো জোড় সংখ্যা হয়। আবার জোড় সংখ্যার প্যাটার্নে পরপর ২টি সংখ্যার বৃদ্ধি ২।

এখানে, ১৬, ১৮, ২০, সংখ্যাগুলোর শেষের অঙ্ক ৬, ৮, ০ এবং পরপর দুইটি সংখ্যার বৃদ্ধি ২।

তাহলে, ১৬, ১৮, ২০, সংখ্যাগুলো জোড় সংখ্যার প্যাটার্ন।

জোড় সংখ্যার প্যাটার্ন হলো :

১৬, ১৮, ২০, ২২, ২৪, ২৬, ২৮,

এবং পরবর্তী সংখ্যাগুলো হলো :

২২, ২৪, ২৬, ২৮,

(২) ৩৭, ৩৯, ৪১,

আমরা জানি, সংখ্যার শেষের অঙ্ক ১, ৩, ৫, ৭, বা ৯ হলে, সংখ্যাগুলো বিজোড় সংখ্যা হয়। আবার, বিজোড় সংখ্যার প্যাটার্নে পরপর দুইটি সংখ্যার বৃদ্ধি ২।

এখানে, ৩৭, ৩৯, ৪১, সংখ্যাগুলোর শেষের অঙ্ক ৭, ৯, ১ এবং পরপর দুইটি সংখ্যার বৃদ্ধি ২।

তাহলে, ৩৭, ৩৯, ৪১, সংখ্যাগুলো বিজোড় সংখ্যার প্যাটার্ন।

বিজোড় সংখ্যার প্যাটার্ন হলো :

৩৭, ৩৯, ৪১, ৪৩, ৪৫, ৪৭, ৪৯,

এবং পরবর্তী সংখ্যাগুলো হলো : ৪৩, ৪৫, ৪৭, ৪৯,

প্রশ্ন ৩ | বিজোড় সংখ্যার প্যাটার্ন তৈরি করো যা ৪৭ দিয়ে শুরু এবং প্রতিক্ষেত্রে ২ করে কমছে।

সমাধান : এখানে, সংখ্যার শুরু ৪৭ দিয়ে এবং প্রতিক্ষেত্রে ২ বিয়োগ করি। ৪৭ দিয়ে শুরু এবং প্রতিক্ষেত্রে ২ করে কমে এমন বিজোড় সংখ্যার প্যাটার্ন হলো :

৪৭, ৪৫, ৪৩, ৪১, ৩৯,

প্রশ্ন ৪ | জোড় সংখ্যার প্যাটার্ন তৈরি করো যা ২৪ দিয়ে শুরু এবং প্রতিক্ষেত্রে ৪ করে বাড়ছে।

সমাধান : এখানে সংখ্যার শুরু ২৪ দিয়ে এবং প্রতিক্ষেত্রে ৪ যোগ করি।

২৪ দিয়ে শুরু এবং প্রতিক্ষেত্রে ৪ করে বাড়ে এমন জোড় সংখ্যার প্যাটার্ন হলো :

২৪, ২৮, ৩২, ৩৬, ৪০, ৪৪,

প্রশ্ন ৫ | নিচের সংখ্যার প্যাটার্নের পরবর্তী তিনটি সংখ্যা লেখো এবং প্যাটার্নের নিয়ম ব্যাখ্যা করো।

(১) ৩, ৬, ৯, —, —, —

(২) ১৫, ১৩, ১১, —, —, —

সমাধান : (১) ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮

ব্যাখ্যা : ৩, ৬, ৯, ১২, ১৫, ১৮

এখানে, সংখ্যার শুরু ৩ দিয়ে এবং প্রতিক্ষেত্রে ৩ করে বাড়ছে। অতএব, প্রতিটি সংখ্যার সাথে ৩ যোগ করে পরবর্তী সংখ্যা বের করা হয়েছে।

(২) ১৫, ১৩, ১১, ৯, ৭, ৫

ব্যাখ্যা : ১৫, ১৩, ১১, ৯, ৭, ৫

এখানে, সংখ্যার শুরু ১৫ দিয়ে এবং প্রতিক্ষেত্রে ২ করে কমছে। অতএব, প্রতিটি সংখ্যা হতে ২ বিয়োগ করে পরবর্তী সংখ্যা বের করা হয়েছে।

পাঠ ৩২ ক্রমবাচক সংখ্যা

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৫৩



ক্রমবাচক সংখ্যা (১ম—৫ম)

নিচের প্রাণীগুলোর অবস্থান কীভাবে প্রকাশ করা যায়?

সমাধান : বস্তুর দলগত ধারণা বুঝাতে ১, ২, ৩ ইত্যাদি সংখ্যা ব্যবহার করা হয়। কিন্তু কোনো বস্তুর অবস্থান বুঝাতে ক্রমবাচক সংখ্যা ব্যবহার করা হয়।

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৩৪ এর সমাধান

সংখ্যা	১	২	৩	৪	৫
ক্রমবাচক সংখ্যা	প্রথম	দ্বিতীয়	তৃতীয়	চতুর্থ	পঞ্চম



▲ ক্রমবাচক সংখ্যা ব্যবহার করে প্রাণীগুলোর অবস্থান বলি।

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৩৪ এর কাজের সমাধান

- বাম থেকে কে দ্বিতীয়?
- ডান থেকে কে প্রথম?
- ডান থেকে কে পঞ্চম?
- বাম থেকে কে চতুর্থ?
- ডান থেকে কে তৃতীয়?

সমাধান :

- বাম থেকে ঘোড়া দ্বিতীয়।
- ডান থেকে মোরগ প্রথম।
- ডান থেকে হাতি পঞ্চম।
- বাম থেকে খরগোশ চতুর্থ।
- ডান থেকে বাঘ তৃতীয়।



তুলি তুমি শ্রেণিকক্ষে বেঞ্চার কোথায় বসো?

আমি সামনে থেকে তৃতীয় বেঞ্চার বাম থেকে দ্বিতীয় স্থানে বসি।



পাঠ ৩৩ অনুশীলন : ক্রমবাচক সংখ্যা

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৫৫

এবার তুমি বলো, শ্রেণিকক্ষে বেঞ্চার কোথায় বসো ?

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৩৪ এর অনুশীলনের সমাধান

সমাধান : আমি পিছন থেকে তৃতীয় বেঞ্চার বাম থেকে তৃতীয় স্থানে বসি।

২ বাম ও ডান থেকে প্রতিটি ফলের অবস্থান বলি।

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৩৫ এর অনুশীলনের সমাধান



সমাধান : প্রতিটি ফলের অবস্থান বলি :

ফলের নাম	অবস্থান
আনারস	বাম থেকে প্রথম, ডান থেকে পঞ্চম।
আপেল	বাম থেকে দ্বিতীয়, ডান থেকে চতুর্থ।
আঙ্গুর	বাম থেকে তৃতীয়, ডান থেকে তৃতীয়।
কলা	বাম থেকে চতুর্থ, ডান থেকে দ্বিতীয়।
তরমুজ	বাম থেকে পঞ্চম, ডান থেকে প্রথম।

▲ পাঁচজন শিক্ষার্থী হাতে হাত ধরে আছে।

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৩৫ এর কাজের সমাধান



(১) বাম থেকে চার জনকে গোল দাগের মধ্যে রাখি।

(২) বাম থেকে চতুর্থ জনকে গোল দাগের মধ্যে রাখি।



৩ নিচের ৫ জন শিশুর মধ্যে আলীকে খুঁজে বের করতে হবে। তার বন্ধু বলল, আলী দ্বিতীয় আসনে বসেছে। অপর বন্ধু বললো, আলীর ডানদিকে ৩ জন শিশু আছে।

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৩৫ এর অনুশীলনের সমাধান

বাম দিকে



ডান দিকে

সমাধান : যেহেতু আলীর এক বন্ধু বলেছে, আলী দ্বিতীয় আসনে বসেছে। তাহলে আলী বাম থেকে দ্বিতীয় এবং ডান থেকে চতুর্থ আসনে বসেছে। অথবা বাম থেকে চতুর্থ এবং ডান থেকে দ্বিতীয় আসনে বসেছে। আবার তার অপর বন্ধু বলেছে আলীর ডানদিকে ৩ জন শিশু আছে।


সুতরাং আলী ডানদিক থেকে চতুর্থ এবং বাম দিক থেকে দ্বিতীয় আসনে আছে।

▲ কয়েকজন শিশু লাইনে দাঁড়িয়ে আছে। সবিতা সামনে থেকে দ্বিতীয় এবং তার পিছনে আরও ৫ জন শিশু আছে। লাইনে কতজন শিশু আছে?

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৩৬ এর কাজের সমাধান



এটি আমরা চিত্র ঠেকে সহজেই সমাধান করতে পারি।



শিশুর সংখ্যা কীভাবে হিসাব করবে?

$$\square + \square = \square$$

সমাধান :

সামনে থেকে দ্বিতীয়
অর্থাৎ ২ জন

+

পিছনে আরও
৫ জন শিশু


=

৭ জন শিশু

$$\text{শিশুর সংখ্যা : } \boxed{2} + \boxed{5} = \boxed{7}$$

▲ কয়েকজন শিশু লাইনে দাঁড়িয়ে আছে। রাজু সামনে থেকে তৃতীয় এবং পিছন থেকে পঞ্চম। লাইনে কতজন শিশু আছে?

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৩৬ এর কাজের সমাধান



শিশুর সংখ্যা কীভাবে হিসাব করবে?

$$\square + \square = \square$$

সমাধান : রাজুর সামনে আছে ২ জন

রাজু নিজে ১ জন

রাজুর পিছনে আছে ৪ জন

মোট শিশুর সংখ্যা ৭ জন

লাইনে শিশু আছে ৭ জন।

▶ বিকল্প পদ্ধতি

সামনে থেকে তৃতীয়
অর্থাৎ ৩ জন

+

পিছন থেকে পঞ্চম অর্থাৎ
পিছনে আরও ৪ জন

=

৭ জন


$$\text{শিশুর সংখ্যা : } \boxed{3} + \boxed{4} = \boxed{7}$$

৪ তামিম তার পরিবারে বয়সে ছোটো থেকে তৃতীয় এবং বড়ো থেকে চতুর্থ সদস্য। তার পরিবারের সদস্য সংখ্যা কত?

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৩৬ এর অনুশীলনের সমাধান

সমাধান : তামিমের ছোট আছে ২ জন
 তামিম নিজে ১ জন
 তামিমের বড় আছে ৩ জন
 মোট সদস্য সংখ্যা ৬ জন

▶ বিকল্প পদ্ধতি



ছোটো থেকে তৃতীয় অর্থাৎ ৩ জন + বড়ো থেকে চতুর্থ অর্থাৎ, তামিমের বড়ো ৩ জন = ৬ জন

তার পরিবারের সদস্য সংখ্যা : $3 + 3 = 6$

তামিমের পরিবারের সদস্য সংখ্যা ৬ জন।

পাঠ ৩৪ ক্রমবাচক সংখ্যা (৬ষ্ঠ - ১০ম)

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৫৮; পাঠ্যবই, পৃষ্ঠা ৩৭

ক্রমবাচক সংখ্যা (৬ষ্ঠ-১০ম)

সংখ্যা	৬	৭	৮	৯	১০
ক্রমবাচক সংখ্যা	ষষ্ঠ	সপ্তম	অষ্টম	নবম	দশম
সংক্ষিপ্ত রূপ	৬ষ্ঠ	৭ম	৮ম	৯ম	১০ম

▲ লাইনে দশজন শিশু দাঁড়িয়ে আছে। সামনে আছে নাসিমা এবং পিছনে আছে শান্তি। ক্রমবাচক সংখ্যা ব্যবহার করে এই শিশুদের অবস্থান বলি।

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৩৭ এর কাজের সমাধান

ক্রমবাচক সংখ্যা ব্যবহার করে শিশুদের অবস্থান বলি।











- সামনে থেকে কে ষষ্ঠ? রহিম
- পিছন থেকে কে সপ্তম? ডেভিড
- সামনে থেকে কে নবম? রতন
- আলেয়ার অবস্থান কত তম?
 সামনে থেকে অষ্টম
 পিছন থেকে তৃতীয়



প্রত্যেক শিশুর অবস্থান দুইভাবে প্রকাশ করতে পারি। ডেভিডের অবস্থান কত?

সমাধান : ক্রমবাচক সংখ্যা ব্যবহার করে ডেভিডের অবস্থান বলি। সামনের দিক থেকে ডেভিড চতুর্থ অবস্থানে এবং পিছনের দিক থেকে ডেভিড সপ্তম অবস্থানে।

পিছনে

শান্তি

রতন

আলেয়া

করিম

রহিম

তামিম

ডেভিড

সবিতা

আলি

নাসিমা

সামনে

পাঠ ৩৫ ক্রমবাচক সংখ্যার অনুশীলন

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৫৯

ডানদিক থেকে সাত জনকে গোল দাগের মধ্যে রাখো।
ডানদিক থেকে সপ্তম জনকে গোল দাগের মধ্যে রাখো।

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৩৮ এর কাজের সমাধান



মনে রাখবে, সাতজন এবং সপ্তম জন হচ্ছে ভিন্ন।

ডানদিক থেকে সাতজন




ডানদিক থেকে সপ্তম জন



একটি লাইনে শান্তি হচ্ছে পিছনে থেকে অষ্টম এবং শান্তির সামনে আরও ৫ জন শিক্ষার্থী আছে। লাইনে কতজন শিক্ষার্থী আছে?

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৩৯ এর কাজের সমাধান

শিক্ষার্থীর সংখ্যা : + =

সমাধান :

সামনে থেকে আরও ৫ অর্থাৎ ৫ জন + পিছনে থেকে ৮ম অর্থাৎ ৮ জন = ১৩ জন

শিক্ষার্থীর সংখ্যা : ৫ + ৮ = ১৩

▶ বিকল্প পদ্ধতি

শান্তির পিছনে আছে ৭ জন
শান্তি নিজে ১ জন
শান্তির সামনে আছে ৫ জন

লাইনে শিক্ষার্থী আছে ১৩ জন
লাইনে ১৩ জন শিক্ষার্থী আছে।

১ একটি লাইনে রাজু হচ্ছে সামনে থেকে ষষ্ঠ এবং পিছনে থেকে তৃতীয়। সেখানে কতজন শিশু আছে?

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৩৯ এর অনুশীলনের সমাধান

সমাধান : রাজুর সামনে আছে ৫ জন


রাজু নিজে ১ জন

রাজুর পিছনে আছে ২ জন

মোট শিশু আছে ৮ জন

সেখানে ৮ জন শিশু আছে।

▶ বিকল্প পদ্ধতি



মোট শিশু : $6 + 2 = 8$ জন

শিক্ষক সহায়িকা অনুসরণে অতিরিক্ত অ্যাক্টিভিটি




আরও শিখে নিই


পাঠ ৮ গণনা ক।

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১১

প্রশ্ন ১ | চিত্রের সংখ্যাগুলো দশের সাহায্যে পড়ি ও দাগ টেনে মিল কর।



সমাধান : উপরের চিত্রের সংখ্যাগুলো দশের সাহায্যে পড়ি ও দাগ টেনে মিল করি :



পাঠ ১০ ব্লকের মাধ্যমে গণনা করা

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৪

প্রশ্ন ২ | কয়টি ১০ এর গুচ্ছ মিলে একটি ১০০ এর গুচ্ছ হয়?

সমাধান : ১০টি ১০ এর গুচ্ছ মিলে একটি ১০০ এর গুচ্ছ হয়।

পাঠ ১৮ স্থানীয় মান (ব্যাখ্যা কর)

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ২৭

▶ প্রশ্ন ৩ | ছবি দেখে একক স্থানীয় ও দশক স্থানীয় অঙ্ক এবং তাদের স্থানীয় মান লিখ।

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-১৯ এর কাজ ২নং এর আলোকে

দশক ২	একক
স্থানীয় মান ২০	স্থানীয় মান

দশক	একক
স্থানীয় মান	স্থানীয় মান ৪

একক ও দশকের স্থানে
একই সংখ্যা আসবে।

সমাধান :

দশক ২	একক ৯
স্থানীয় মান ২০	স্থানীয় মান ৯

দশক ৪	একক ৪
স্থানীয় মান ৪০	স্থানীয় মান ৪

একক ও দশকের স্থানে
একই সংখ্যা আসবে।

পাঠ ১৯ স্থানীয় মান (সংখ্যার প্রত্যেকটি অঙ্কের স্থানীয় মান লেখা)

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ২৯

▶ প্রশ্ন ৪ | খালিঘর পূরণ কর :

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-২০ এর কাজ ১নং এর আলোকে

- (ক) $৬২ = \square$ দশক \square একক
- (খ) $৯১ = \square$ দশক \square একক
- (গ) $১৫০ = \square$ শতক \square দশক \square একক
- (ঘ) $৩৫২ = \square$ শতক \square দশক \square একক
- (ঙ) $১৫২৩ = \square$ হাজার \square শতক \square
দশক \square একক

সমাধান : খালিঘর পূরণ করা হলো :

- (ক) $৬২ = ৬$ দশক ২ একক
- (খ) $৯১ = ৯$ দশক ১ একক
- (গ) $১৫০ = ১$ শতক ৫ দশক ০ একক
- (ঘ) $৩৫২ = ৩$ শতক ৫ দশক ২ একক
- (ঙ) $১৫২৩ = ১$ হাজার ৫ শতক
 ২ দশক ৩ একক

পাঠ ২০ স্থানীয় মান সম্পর্কিত খালিঘর পূরণ করা ও লেখা অনুশীলন

শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৩১

প্রশ্ন ৫ | নিচের সংখ্যাগুলোর একক ও দশক স্থানীয় অঙ্ক এবং তাদের স্থানীয় মান লিখি।

২৮ ৩৩ ৪৭ ১৯ ৫০

পাঠ্যবই, পৃষ্ঠা-২১ এর ৩নং এর আলোকে

সমাধান :

সংখ্যা ২৮ এর ক্ষেত্রে—

দশক ২	একক ৮
স্থানীয় মান ২০	স্থানীয় মান ৮

সংখ্যা ৩৩ এর ক্ষেত্রে—

দশক ৩	একক ৩
স্থানীয় মান ৩০	স্থানীয় মান ৩

সংখ্যা ৪৭ এর ক্ষেত্রে—

দশক ৪	একক ৭
স্থানীয় মান ৪০	স্থানীয় মান ৭

সংখ্যা ১৯ এর ক্ষেত্রে—

দশক ১	একক ৯
স্থানীয় মান ১০	স্থানীয় মান ৯


সংখ্যা ৫০ এর ক্ষেত্রে—

দশক ৫	একক ০
স্থানীয় মান ৫০	স্থানীয় মান ০

পাঠ ২১ সংখ্যার তুলনা (স্থানীয় মানের সাহায্যে)

শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৩২

প্রশ্ন ৬ | কোন সংখ্যাটি বড়? কীভাবে তুলনা করা যায় তা আলোচনা কর।



যদি দশক স্থানীয় অঙ্ক একই হয়, তবে আমরা একক স্থানীয় অঙ্ক তুলনা করব।



সমাধান : ছকের সংখ্যা দুইটি হলো ৩৭ ও ৩৮। সংখ্যা দুইটিতে দেখা যায় দশক স্থানীয় অঙ্ক দুইটি সমান এবং তা হলো ৩। একক স্থানীয় অঙ্ক দুইটি তুলনা করলে দেখা যায় প্রথমটির একক স্থানীয় অঙ্ক ৭ এবং পরেরটির একক স্থানীয় অঙ্ক ৮। এ দুইটির মধ্যে ৭ বড়। তাই বড় সংখ্যা ৩৭।


পাঠ ৩৪ ক্রমবাচক সংখ্যা (৬ষ্ঠ - ১০ম)

শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৫৮

প্রশ্ন ৭ | আকাশ একটি বই পড়ছে। এখন সে নবম পৃষ্ঠা পড়ছে এবং বইয়ে আরও ৭ পৃষ্ঠা আছে। বইয়ে মোট কত পৃষ্ঠা আছে?

পাঠ্যবই, পৃষ্ঠা-৩৬ এর কাজের আলোকে

সমাধান :




আকাশ বইটির পড়া শেষ করেছে ৮ পৃষ্ঠা
 আকাশ এখন পড়ছে ১ পৃষ্ঠা
 বইটির আরও পড়া বাকি আছে ৭ পৃষ্ঠা
 মোট = ১৬ পৃষ্ঠা
 বইয়ে মোট ১৬ পৃষ্ঠা আছে।

প্রশ্ন ৮ | শিশুদের লাইনে বারেক পিছন থেকে অষ্টম। তার সামনে আরও ৯ জন শিশু আছে। লাইনে কত জন শিশু আছে?

▶ পাঠ্যবই, পৃষ্ঠা-৩৬ এর কাজের আলোকে

সমাধান :



বারেকের পিছনে আছে ৭ জন

বারেক নিজে ১ জন

বারেকের সামনে আছে ৯ জন

মোট = ১৭ জন

লাইনে মোট ১৭ জন শিশু আছে।

মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ



সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

গাণিতিক ধারণা (√x) তত্ত্বীয় প্রশ্নাবলির উত্তর লিখি

● সংক্ষেপে উত্তর দাও :

□ সংখ্যা পড়ি ও কথায় লিখি ▶ পাঠ্যবই, পৃষ্ঠা ১

প্রশ্ন ১। তেইশ সংখ্যাটি অঙ্কে লিখ। উত্তর : ২৩।

প্রশ্ন ২। ৪৫ সংখ্যাটিকে কথায় লিখ। উত্তর : পঁয়তাল্লিশ।

প্রশ্ন ৩। ২৯ সংখ্যাটি কথায় লিখ। উত্তর : উনত্রিশ।

প্রশ্ন ৪। ৯৯ এর পরের সংখ্যাটি কত? উত্তর : ১০০।

□ গণনা ▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৮

প্রশ্ন ৫। ৫ শত ৬ দশ ৩ এক, সংখ্যাটি কত? উত্তর : ৫৬৩।

প্রশ্ন ৬। ৩৭৪ সংখ্যাটি গণনা কর।

উত্তর : ৩ শত ৭ দশ ৪ এক।

প্রশ্ন ৭। ছয়টি একশত এর দল ও চারটি দশ এর দল মিলে কত হয়? উত্তর : ৬৪০।

প্রশ্ন ৮। পঁচাত্তর পঁচাশি অঙ্কে লিখ। উত্তর : ৫৮৫।

□ সংখ্যার তুলনা ▶ পাঠ্যবই, পৃষ্ঠা ১৪

প্রশ্ন ৯। ৭৪ ও ৬৫ এর মধ্যে কোন সংখ্যাটি বড়?

উত্তর : ৭৪।

প্রশ্ন ১০। ৬৪৭ ও ৭৪৬ এর মধ্যে কোন সংখ্যাটি ছোট?

উত্তর : ৬৪৭।

প্রশ্ন ১১। ৯৭৮ ও ৯৮৭ এর মধ্যে কোন সংখ্যাটি বড়?

উত্তর : ৯৮৭।

প্রশ্ন ১২। ৩৩২, ৩২৩, ৩৩৩ সংখ্যা তিনটিকে ছোট থেকে বড় সাজাও।

উত্তর : ৩২৩, ৩৩২, ৩৩৩।

□ স্থানীয় মান

▶ পাঠ্যবই, পৃষ্ঠা ১৭

প্রশ্ন ১৩। ৯৬০ সংখ্যাটিতে ৬ এর স্থানীয় মান কত?

উত্তর : ৬ দশক।

প্রশ্ন ১৪। ৮৭৬ সংখ্যাটিতে ৮ এর স্থানীয় মান কত?

উত্তর : ৮ শতক।

প্রশ্ন ১৫। ৬ শতক ৯ দশক ১ একক = কত?

উত্তর : ৬৯১।

প্রশ্ন ১৬। ৫ দশ ৬ কে স্থানীয়মানে লিখলে কত হয়?

উত্তর : ৫ দশক ৬ একক।

প্রশ্ন ১৭। ৩২৮ সংখ্যাটি স্থানীয় মানে লিখলে কত হয়?

উত্তর : ৩ শতক ২ দশক ৮ একক।

□ জোড়-বিজোড় সংখ্যা ও প্যাটার্ন ▶ পাঠ্যবই, পৃষ্ঠা ২২

প্রশ্ন ১৮। জোড় সংখ্যার শেষে কোন অঙ্কগুলো থাকে?

উত্তর : ০, ২, ৪, ৬, ৮।

প্রশ্ন ১৯। বিজোড় সংখ্যার শেষে কোন অঙ্কগুলো থাকে?

উত্তর : ১, ৩, ৫, ৭, ৯।

প্রশ্ন ২০। ১৮ সংখ্যাটি জোড় না বিজোড়? উত্তর : জোড়।

প্রশ্ন ২১। ১৭ সংখ্যাটি জোড় না বিজোড়?

উত্তর : বিজোড়।

প্রশ্ন ২২। ১ থেকে ১০ পর্যন্ত বিজোড় সংখ্যা কয়টি?

উত্তর : ৫টি।

প্রশ্ন ২৩। ১ থেকে ২০ পর্যন্ত জোড় সংখ্যা কয়টি?

উত্তর : ১০টি।

প্রক্রিয়াগত ধারণা  গাণিতিক প্রমাণের উত্তর লিখি

● শূন্যস্থান পূরণ কর :

- ১। ৮২ এ দশ এর দল ——— টি।
উত্তর : ৮২ এ দশ এর দল ৮টি।
- ২। ৪৫৩ এ শত এর দল ——— টি।
উত্তর : ৪৫৩ এ শত এর দল ৪টি।
- ৩। ৯৩৪ ও ৯৫৪ এর মধ্যে ——— সংখ্যাটি ৯৫৪।
উত্তর : ৯৩৪ ও ৯৫৪ এর মধ্যে বড় সংখ্যাটি ৯৫৪।
- ৪। ২৪৩৫ সংখ্যাটিতে স্থানীয় মান ৪ ———।
উত্তর : ২৪৩৫ সংখ্যাটিতে স্থানীয় মান ৪ শতক।
- ৫। ——— থেকে ১ বেশি সংখ্যাটি ১০০০।
উত্তর : ৯৯৯ থেকে ১ বেশি সংখ্যাটি ১০০০।
- ৬। ৯ শতক ৭ দশক ২ এককে ——— হয়।
উত্তর : ৯ শতক ৭ দশক ২ এককে ৯৭২ হয়।
- ৭। ৪৬০ ও ৬৩০ সংখ্যা দুটির ——— স্থানে ৪ থেকে ৬ বড়।
উত্তর : ৪৬০ ও ৬৩০ সংখ্যা দুটির শতক স্থানে ৪ থেকে ৬ বড়।
- ৮। ৫ জোড়া মোজায় ——— টি।
উত্তর : ৫ জোড়া মোজায় ১০ টি।
- ৯। কোনো সংখ্যার শেষে ৬ থাকলে তা ———।
উত্তর : কোনো সংখ্যার শেষে ৬ থাকলে তা জোড়।
- ১০। ১, ৩, ———, ৭।
উত্তর : ১, ৩, ৫, ৭।

● মিলকরণ :

প্রশ্ন ১। ডানপক্ষের সাথে বামপক্ষের মিল কর :

বাম	ডান
(ক) ১৫ একটি	ক্রমবাচক সংখ্যা
(খ) ১, ৩, ৫, ৭, একটি	বিজোড় সংখ্যা
(গ) ৯ম সংখ্যাটি	৬টি
(ঘ) ১৮ একটি	জোড় সংখ্যার প্যাটার্ন
(ঙ) ৩ জোড়ায়	বিজোড় সংখ্যার প্যাটার্ন
	জোড় সংখ্যা

সমাধান :


- (ক) ১৫ একটি— বিজোড় সংখ্যা
- (খ) ১, ৩, ৫, ৭, একটি— বিজোড় সংখ্যার প্যাটার্ন।
- (গ) ৯ম সংখ্যাটি— ক্রমবাচক সংখ্যা
- (ঘ) ১৮ একটি— জোড় সংখ্যা
- (ঙ) ৩ জোড়ায়— ৬টি।

প্রশ্ন ২। দাগ টেনে মিল কর :

(ক) ৬টি ১০০ এর দল	১, ৩, ৫, ৭, ৯ থাকে
(খ) আটশত পঞ্চাশ	৩৫৬
(গ) বিজোড় সংখ্যার শেষে	৬০০০
(ঘ) ৩ শতক ৫ দশক ৬ একক	৫০৬
(ঙ) ৫ শতক ৬ একক	৬০০
	৮৫০

সমাধান : দাগ টেনে মিল করি :

(ক) ৬টি ১০০ এর দল	১, ৩, ৫, ৭, ৯ থাকে
(খ) আটশত পঞ্চাশ	৩৫৬
(গ) বিজোড় সংখ্যার শেষে	৫০৬
(ঘ) ৩ শতক ৫ দশক ৬ একক	৬০০
(ঙ) ৫ শতক ৬ একক	৮৫০

সমস্যা সমাধান  বিশ্লেষণীয় প্রশ্নগুলো সমাধান করি

প্রশ্ন ১। কথায় লিখ : ৮৯, ৯৩, ৭৮, ৫৬, ৬২।

সমাধান :

সংখ্যা	কথায় লিখি
৮৯	উননব্বই
৯৩	তিরানব্বই
৭৮	আটাত্তর
৫৬	ছাপ্পান্ন
৬২	বাষটি

প্রশ্ন ২। অঙ্কে লিখ : একশত চৌষট্টি; দুইশত বাহাত্তর; তিনশত আটানব্বই; সাতশত তেইশ; পাঁচশত পঁচিশ।

সমাধান :

কথায়	অঙ্কে লিখি
একশত চৌষট্টি	১৬৪
দুইশত বাহাত্তর	২৭২
তিনশত আটানব্বই	৩৯৮
সাতশত তেইশ	৭২৩
পাঁচশত পঁচিশ	৫২৫

প্রশ্ন ৩। ৮৭, ৩৯০, ৯০০ সংখ্যাগুলোর প্রতিটি অঙ্কের স্থানীয়মান লিখ।

সমাধান : স্থানীয় মান

৮ ৭	৭ একক = ৭	৯ ০ ০	০ একক = ০
	৮ দশক = ৮০		০ দশক = ০০
স্থানীয় মান		স্থানীয় মান	
৩ ৯ ০	০ একক = ০	৯ ০ ০	০ একক = ০
	৯ দশক = ৯০		০ দশক = ০০
	৩ শতক = ৩০০		৯ শতক = ৯০০

প্রশ্ন ৪। (ক) বড় সংখ্যাটিতে গোল দাগ দাও।

৭৫ ৯৮ ৩৪২ ২১০ ১১৯ ৩১২

৪৩০ ২১১ ৫৯২ ৪৯৩

(খ) ছোটো সংখ্যাটিতে গোল দাগ দাও।

৬৮৭ ৫২৭ ৯৮৭ ৯৯৮ ৭৮ ৯৩ ৫৭৫ ৬৪৮

৬০৭ ৮৭৬

সমাধান :

(ক) ৭৫ ৯৮ ৩৪২ ২১০ ১১৯ ৩১২ ৪৩০ ২১১ ৫৯২ ৪৯৩

(খ) ৬৮৭ ৫২৭ ৯৮৭ ৯৯৮ ৭৮ ৯৩ ৫৭৫ ৬৪৮ ৬০৭ ৮৭৬

প্রশ্ন ৫। সংখ্যাগুলো ছোটো থেকে বড়ো সাজিয়ে লিখ।

৯৮২, ৩২৫, ৬৯৪, ৮২৬, ৬৭৮, ৫৬৭, ২২৭।

সমাধান : সংখ্যাগুলো ছোটো থেকে বড়ো সাজিয়ে লিখি :

২২৭, ৩২৫, ৫৬৭, ৬৭৮, ৬৯৪, ৮২৬, ৯৮২।

প্রশ্ন ৬। সংখ্যাগুলো বড়ো থেকে ছোটো সাজিয়ে লিখ।

১২৫, ৩৭৮, ৪৩২, ১০৫, ৯৫০, ৫৯৮, ৬২৩।

সমাধান : সংখ্যাগুলো বড়ো থেকে ছোটো সাজিয়ে লিখি :

৯৫০, ৬২৩, ৫৯৮, ৪৩২, ৩৭৮, ১২৫, ১০৫।

প্রশ্ন ৭। জোড় ও বিজোড় সংখ্যাগুলো আলাদা করে লিখ।

৪৫, ১২, ২৬, ১৩, ২৭, ৪০, ৮, ৩১, ৪৪, ৫১।

সমাধান : সংখ্যাগুলো থেকে জোড় ও বিজোড় সংখ্যা আলাদা করে লিখি।

জোড় সংখ্যা : ৮, ১২, ২৬, ৪০, ৪৪।

বিজোড় সংখ্যা : ১৩, ২৭, ৩১, ৪৫, ৫১।

প্রশ্ন ৮। ২৮ থেকে বড়ো ৫০ থেকে ছোটো জোড় সংখ্যাগুলো লিখ।

সমাধান : ২৮ থেকে বড়ো ৫০ থেকে ছোটো জোড় সংখ্যাগুলো হলো :

৩০, ৩২, ৩৪, ৩৬, ৩৮, ৪০, ৪২, ৪৪, ৪৬, ৪৮।

প্রশ্ন ৯। ২১ থেকে বড়ো ৫০ থেকে ছোটো বিজোড় সংখ্যাগুলো লিখ।

সমাধান : ২১ থেকে বড়ো ৪০ থেকে ছোট বিজোড় সংখ্যাগুলো হলো :

২৩, ২৫, ২৭, ২৯, ৩১, ৩৩, ৩৫, ৩৭, ৩৯।

প্রশ্ন ১০। ৫, ৭, ৯, —, —, — প্যাটার্নটির পরবর্তী সংখ্যাগুলো কত?

সমাধান : এখানে সংখ্যার শুরু ৫ দিয়ে এবং প্রতিক্ষেত্রে ২ করে বাড়ছে। পরবর্তী সংখ্যাগুলো হবে,

৯ + ২ = ১১, ১১ + ২ = ১৩, ১৩ + ২ = ১৫।

এখানে সংখ্যার প্যাটার্ন হলো : ৫, ৭, ৯, ১১, ১৩, ১৫।

প্যাটার্নটির পরবর্তী সংখ্যাগুলো ১১, ১৩, ১৫।

প্রশ্ন ১১। ২, ৬, —, ১৪, —, ২২ প্যাটার্নটি পূর্ণ করো।

সমাধান : এখানে ২ থেকে ৪ বেশি ৬। আবার ৬ থেকে ৪ কম ২। তাহলে, ৬ এর আগের সংখ্যাটি ৬ থেকে ৪ কম হবে। ৬ এর পরের সংখ্যাটি ৬ থেকে ৪ বেশি ১০ হবে।

অনুরূপভাবে ১৪ এর পরের সংখ্যাটি ১৪ থেকে ৪ বেশি হবে। তাহলে, ১৪ এর পরের সংখ্যাটি ১৮ হবে।

∴ প্যাটার্নটি হলো : ২, ৬, ১০, ১৪, ১৮, ২২।

প্রশ্ন ১২। একটি বিজোড় সংখ্যার প্যাটার্ন লিখ যা ১৩ দিয়ে শুরু এবং প্রতিক্ষেত্রে ২ করে বাড়ছে।

সমাধান : এখানে, সংখ্যার শুরু ১৩ দিয়ে এবং প্রতিক্ষেত্রে ২ যোগ করি।

১৩ দিয়ে শুরু এবং প্রতিক্ষেত্রে ২ করে বাড়ে এমন বিজোড় সংখ্যার প্যাটার্ন হলো :

১৩, ১৫, ১৭, ১৯, ২১,,,।

প্রশ্ন ১৩। একটি জোড় সংখ্যার প্যাটার্ন লিখ যা ৪২ থেকে শুরু এবং প্রতিক্ষেত্রে ২ করে কমছে।

সমাধান : এখানে, সংখ্যার শুরু ৪২ দিয়ে এবং প্রতিক্ষেত্রে ২ বিয়োগ করি। ৪২ দিয়ে শুরু এবং প্রতিক্ষেত্রে ২ করে কমে এমন জোড় সংখ্যার প্যাটার্ন হলো :

৪২, ৪০, ৩৮, ৩৬, ৩৪, ৩২,, ...।

প্রশ্ন ১৪। সবিতা তার পরিবারে বয়সে ছোটো থেকে দ্বিতীয় এবং বড়ো থেকে পঞ্চম সদস্য। তার পরিবারের সদস্য সংখ্যা কত?

সমাধান : সবিতার ছোটো আছে ১ জন

সবিতা নিজে ১ জন

সবিতার বড়ো আছে ৪ জন

মোট ৬ জন

তার পরিবারের সদস্য সংখ্যা ৬ জন।

► বিকল্প পদ্ধতি



পরিবারের সদস্য সংখ্যা : ২ + ৪ = ৬।

তার পরিবারের সদস্য সংখ্যা ৬ জন।

শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/অভিভাবকগণ নিচের 'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক' ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য ফাঁকা স্থানে টিক চিহ্ন (✓) প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

মূল্যায়ন ক্ষেত্র	শিখনযোগ্যতা/ নির্দেশক	প্রারম্ভিক	ভালো	উত্তম
জ্ঞান	• অঙ্কে লেখা সংখ্যা পড়ে সংখ্যাটি কথায় লিখতে পেরেছে।			
	• শত, দশ ও এক এর দল গণনা করতে পেরেছে।			
	• ১০০, ১০ ও ১ এর সংখ্যাকার্ড দেখে সংখ্যা বলতে পেরেছে।			
	• দুইটি সংখ্যা তুলনা করে বড়-ছোট বলতে পেরেছে।			
	• কয়টি খোলা কাঠি ও কয়টি বাউল রয়েছে তা বলতে পেরেছে।			
	• মোট কাঠির পরিমাণ সহস্র/শতক/দশক সংখ্যায় বলতে পেরেছে।			
	• মোট কাঠির পরিমাণ গুণে তা জোড় না বিজোড় তা বলতে পেরেছে।			
	• বস্তুর দলগত ধারণা ক্রমবাচক সংখ্যায় ব্যক্ত করতে পেরেছে।			
	• বস্তুর অবস্থানকে ক্রমবাচক সংখ্যায় বলতে পেরেছে।			
	দক্ষতা	• ২১ থেকে ১০০ পর্যন্ত সংখ্যা কথায় লিখতে পেরেছে।		
• গুচ্ছাকারে সাজিয়ে বস্তু গণনা করতে পেরেছে এবং মোট কতটি বস্তু আছে তা বলতে পেরেছে।				
• ১০ এর দল গঠন করতে পেরেছে এবং সংখ্যাটি কত তা বলতে পেরেছে।				
• শত, দশ ও এক এর দল আলাদাভাবে গণনা করতে পেরেছে এবং সংখ্যাটি কত হবে তা লিখতে পেরেছে।				
• ১০১ থেকে ১০০০ পর্যন্ত সংখ্যার মধ্যে যেকোনো কথায় লেখা সংখ্যা পড়তে ও অঙ্কে লিখতে পেরেছে।				
• দুই অঙ্ক বা তিন অঙ্কের দুইটি সংখ্যা তুলনা করে ছোট-বড় নির্ণয় করতে পেরেছে।				
• ছোট ছোট বর্গাকৃতি কাগজ এর সহায়তায় নতুন নতুন সংখ্যা দেখাতে পেরেছে।				
• কাঠি বা কাঠির বাউল এর সহায়তায় ছোট বা বড় সংখ্যা দেখাতে পেরেছে।				
• যে কোনো সংখ্যা তা জোড় না বিজোড় তা বলতে বা মিলাতে পেরেছে।				
• কাঠি বা গাণিতিক ব্লক এর সহায়তায় নতুন নতুন প্যাটার্ন তৈরি করে তা দেখাতে পেরেছে।				
• শিক্ষার্থীর অবস্থানের পরিবর্তনের কারণে ক্রমবাচক সংখ্যায় বলতে বা মিলাতে পেরেছে।				
দৃষ্টিভঙ্গি	• উৎসাহের সঙ্গে শ্রেণি কার্যক্রমে অংশগ্রহণ করেছে।			
	• শিক্ষকের কথা মনোযোগ সহকারে শুনছে।			
	• শ্রেণিকক্ষের নিয়ম মেনে চলেছে।			
মূল্যবোধ	• শ্রেণি কার্যক্রমে অংশগ্রহণপূর্বক সহযোগিতার মনোভাব পোষণ করেছে।			
	• দলগত কাজে সক্রিয় অংশগ্রহণ করেছে।			
	• শিক্ষক শ্রেণিকক্ষে প্রবেশের সময় উঠে দাঁড়িয়েছে।			

ধারাবাহিক/শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন



নিজেকে মূল্যায়ন করি

তারিখ :

ধারাবাহিক মূল্যায়ন-০১

সময় :

শিক্ষার্থীর নাম :

শ্রেণি :

রোল নম্বর :

১ ▶ সংক্ষেপে উত্তর লেখ :

- (ক) ৪৫ সংখ্যাটিকে কথায় লিখ।
 (খ) ৩৭৪ সংখ্যাটি গণনা কর।
 (গ) ৬ শতক ৯ দশক ১ একক = কত?
 (ঘ) ৯৭৮ ও ৯৮৭ এর মধ্যে কোন সংখ্যাটি বড়?

২ ▶ শূন্যস্থান পূরণ কর :

- (ক) ৮২ এ দশ এর দল ——— টি।
 (খ) ৯৩৪ ও ৯৫৪ এর মধ্যে ——— সংখ্যাটি ৯৫৪।
 (গ) ——— থেকে ১ বেশি সংখ্যাটি ১০০০।
 (ঘ) ৯ শতক ৭ দশক ২ এককে ——— হয়।

৩ ▶ ডানপক্ষের সাথে বামপক্ষের মিল কর :

বাম	ডান
(ক) ১৫ একটি	ক্রমবাচক সংখ্যা
(খ) ৯ম সংখ্যাটি	বিজোড় সংখ্যা
(গ) ১৮ একটি	৬টি
(ঘ) ৩ জোড়ায়	জোড় সংখ্যার প্যাটার্ন
	জোড় সংখ্যা

৪ ▶ সবিতা তার পরিবারে বয়সে ছোটো থেকে দ্বিতীয় এবং বড়ো থেকে পঞ্চম সদস্য। তার পরিবারের সদস্য সংখ্যা কত?

উত্তরমালা

- ১ ▶ (ক) পঁয়তাল্লিশ; (খ) ৩ শত ৭ দশ ৪ এক;
 (গ) ৬৯১; (ঘ) ৯৮৭
 ২ ▶ (ক) ৮; (খ) বড়;
 (গ) ৯৯৯; (ঘ) ৯৭২

- ৩ ▶ (ক) ১৫ একটি— বিজোড় সংখ্যা
 (খ) ৯ম সংখ্যাটি— ক্রমবাচক সংখ্যা
 (গ) ১৮ একটি— জোড় সংখ্যা
 (ঘ) ৩ জোড়ায়— ৬টি।
 ৪ ▶ ৩২৬ পৃষ্ঠার ১৪নং প্রশ্ন ও সমাধান দ্রষ্টব্য।

মূল্যায়ন রিপোর্ট ▶

প্রাপ্ত নম্বর শিখনের অর্জিত মাত্রা তারিখ :

ধারাবাহিক মূল্যায়ন-০২

সময় :

শিক্ষার্থীর নাম :

শ্রেণি :

রোল নম্বর :

১ ▶ সংক্ষেপে উত্তর লেখ :

- (ক) ২৯ সংখ্যাটি কথায় লিখ।
 (খ) ৬ শতক ৯ দশক ১ একক = কত?
 (গ) ১৮ সংখ্যাটি জোড় না বিজোড়?
 (ঘ) ৯৭৮ ও ৯৮৭ এর মধ্যে কোন সংখ্যাটি বড়?

২ ▶ ২, ৬, —, ১৪, —, ২২ প্যাটার্নটি পূর্ণ করো।

৩ ▶ খালিঘর পূরণ কর :

- (ক) ৬২ = দশক একক
 (খ) ৯১ = দশক একক
 (গ) ১৫০ = শতক দশক একক

উত্তরমালা

- ১ ▶ (ক) উনত্রিশ; (খ) ৬৯১
 (গ) জোড়; (ঘ) ৯৮৭।

২ ▶ প্যাটার্নটি হলো :

২, ৬, ১০, ১৪, ১৮, ২২।

- ৩ ▶ (ক) ৬২ = ৬ দশক ২ একক
 (খ) ৯১ = ৯ দশক ১ একক
 (গ) ১৫০ = ১ শতক ৫ দশক ০ একক

মূল্যায়ন রিপোর্ট ▶

প্রাপ্ত নম্বর শিখনের অর্জিত মাত্রা